# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

## ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3645 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ حَدَّثَنَا فَيَّاضُ بْنُ زُهَيْرٍ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ شُعْبَةَ عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ الْمُزَنِيِّ عَنْ أَبِيهِ ـ وَكَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم مَسَحَ عَلَى رَأْسِهِ ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (صِيَامُ ثَلَاثَةِ أَيَّامٍ من كل شهر صيام الدهر وإفطاره)
الراوي : قُرَّة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3645 | خلاصة حكم المحدث: صحيح ـ.
قَالَ أَبُو حَاتِمٍ: قَالَ وَكِيعٌ عَنْ شُعْبَةَ فِي هَذَا الْخَبَرِ: (وَإِفْطَارُهُ) وَقَالَ يَحْيَى الْقَطَّانُ عَنْ شُعْبَةَ: (وَقِيَامُهُ) وَهُمَا جَمِيعًا حَافِظَانِ مُتْقِنَانِ.

বাংলা

৩৬৪৫. কুররাহ রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণিত, তিনি বলেন, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “প্রত্যেক মাসে তিনটি সিয়াম সারা বছর সিয়াম রাখা ও ইফতার করার সমতুল্য।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ইমাম ওয়াকী রহিমাহুল্লাহ ইমাম শু‘বাহ থেকে হাদীস বর্ণনা করে ইফতার করার কথা বলেছেন আর ইয়াহইয়া আল কাত্তান ইমাম শুবাহ থেকে বর্ণিত হাদীসে কিয়ামের কথা বলেছেন। তারা উভয়েই মজবূত হাফেযে হাদীস।”

ফুটনোট

[1] বাযযার: ১০৫৯; মুসনাদ আহমাদ: ৩/৩৪৫; দারেমী: ২/১৯; তাবারানী: ১৯/৫৩; হাইসামী, মাজমাউয

যাওয়াইদ: ৩/১৯৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৮০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কুর্রা (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92981

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন